গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
লাকসাম, কুমিল্লা

স্মারক নং ৩১.২০.১৯৭২.০০১.৯৯.০০১.২২- ৬২ তারিখ : ১২ /০১/২০২৩খ্রি

২০ একর পর্যন্ত বদ্ধ জলমহাল ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কুমিল্লা জেলার লাকসাম উপজেলাধীন ২০.০০ (বিশ) একর পর্যন্ত বদ্ধ সরকারি জলমহাল/পুকুরসমূহ ১ বৈশাখ ১৪৩০ হতে ৩০ চৈত্র ১৪৩২ সন পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে নির্ধারিত শর্ত সাপেক্ষে অস্থায়ী ভাবে ইজারা বন্দোবস্ত প্রদানের লক্ষ্যে নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি হতে অনলাইনে ইজারায় আবেদন গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। আগামী ০৬ মাঘ থেকে ২৫ মাঘ (২০/০১/২০২৩ খ্রি: হতে ০৮/০২/২০২৩ খ্রি: তারিখ ) পর্যন্ত ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে জলমহাল ইজারার জন্য আবেদন করতে হবে। অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্ট কপি,জামানত বাবদ ২০% হিসেবে প্রদত্ত বিডি/পে-অর্ডারের মূলকপি সিলগালা মুখবন্ধ খামে ২৬ মাঘ থেকে পরবর্তী ০৩(তিন) কর্মদিবসের মধ্যে অফিস চলাকালীন নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করতে হবে। ভুল/মিথ্যা তথ্য সম্বলিত এবং অসম্পূর্ণ আবেদন বিবেচনাযোগ্য নয়।

সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৯ ও ভূমি মন্ত্রণালয়ের অনলাইনে ইজারা প্রদান বিষয়ে সর্বশেষ জারিকৃত প্রজ্ঞাপন অনুযায়ী ইজারা কার্যক্রম পরিচালিত হবে। ইজারা সংশ্লিষ্ট অন্যান্য তথ্য, শর্তাবলী এবং ইজারাযোগ্য জলমহালের তালিকা উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি ), লাকসাম, কুমিল্লা এর কার্যালয়, নোটিশ বোর্ড ও উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম ও সহকারী কমিশনার (ভূমি), লাকসাম এর ওয়েবসাইটে পাওয়া যাবে ।

প্রকাশ থাকে যে অনুমোদিত তালিকায় ইজারাযোগ্য জলমহাল সংযোজন বা বিয়োজন হতে পারে।

শর্তাবলীঃ

০১। সকল সরকারি খাস বদ্ধ জলমহল বাংলা ১ বৈশাখ ১৪৩০ হতে ৩০ চৈত্র ১৪৩২ পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে অস্থায়ীভাবে ইজারা প্রদান করা হবে।

০২। সমিতি/সংগঠনের রেজিস্ট্রেশন নম্বর ও তারিখসহ রেজিস্ট্রেশন কর্তৃপক্ষের হালনাগাদ প্রত্যয়নপত্র,প্রত্যেক সদস্য প্রকৃত মৎস্য কর্মকর্তার প্রত্যয়নপত্র ও সমিতির নিকট সরকারি পাওয়া নেই এবং সমিতির বিরুদ্ধে কোন সার্টিফিকেট মামলা নেই মর্মে উপজেলা/জেলা প্রশাসন কর্তৃক প্রত্যয়নপত্র অনলাইনে সংযুক্ত করতে হবে। আবেদন অসম্পূর্ন থাকলে তা বাতিল বলে গণ্য হবে।

০৩। সমিতির সদস্যগণ প্রকৃত মৎস্যজীবী, মৎস্য শিকার ও বিপননের সাথে জড়িত আছেন ও থাকবেন এবং কোন জলমহাল ইজারা পেলে নিজেরাই তা পরিচালনা করবেন মর্মে অঙ্গীকারনামা অনলাইনে সংযুক্ত করতে হবে।

০৪। সমিতি/সংগঠনের গঠনতন্ত্র, নির্বাচিত সভাপতি ও সাধারণ নাম, ঠিকানা ,ছবি,জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি ও মোবাইল নম্বর মৎস্যজীবী সমবায় সমিতির নিবন্ধন সনদ- এর সত্যায়িত কপি, সমিতির সভার কার্যবিবরণী,সদস্যদের নামের তালিকা,ছবি,ঠিকানা ও জাতীয় পরিচয়পত্র এবং নির্বাচিত নির্বাহী/কার্যকরী কমিটির তালিকা (ঠিকানাসহ), জলমহালে মৎস্য চাষের সুষ্ঠ পরিকল্পনা/রূপরেখা,হালনাগাদ ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট, হাল সন পর্যন্ত অডিট রিপোর্ট (প্রযোজ্য ক্ষেত্রে) ও টিআইএন নম্বর (যদি থাকে)সংযুক্ত করতে হবে। জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ অনুযায়ী অনলাইনে চাহিত সকল তথ্যাদি/কাগজপত্র দাখিল করতে হবে ।

০৫। বিগত ০৩ (তিন) বছরের গড় ইজারামূল্যের সাথে ৫% অর্থ বৃদ্ধিতে সরকারি মূল্য নির্ধারণ করা হবে। (প্রযোজ্য ক্ষেত্রে ) উল্লেখ্য সরকারি মূল্যের চাহিতে কম ইজারা মূল্যে ইজারা দেওয়া হবে না।

০৬। জলাশয়ের তীরবর্তী বা নিকটবর্তী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবীদের সমিতিকে অগ্রাধিকার দেওয়া হবে। ইজারা বন্দোবস্ত ব্যতীত কোন খাস পুকুরে কেহ অবৈধভাবে দখল বা অনুপ্রবেশ করতে পারবে না বা মাছ ধরতে না, যদি কেহ ব্যত্যয় ঘটায় তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

০৭। আবেদনকারীকে উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লা অনুকূলে ০৩ বছরের উদ্ধৃত মূল্যের উপর ২০% অর্থ জামানত বাবদ সোনালী ব্যাংক লিঃ দৌলতগঞ্জ শাখা, লাকসাম হতে বিডি/পে-অর্ডার আবেদনপত্রের সহিত দাখিল করতে হবে এবং বিডি এর সাথে ১০/- টাকার রাজস্ব টিকিট (বিডি কালেকশন ফিস ) বাবদ জমা দিতে হবে। উক্ত জামানতের অর্থ ইজারামূল্যের সাথে সমন্বয় করা হবে। (প্রযোজ্য ক্ষেত্রে )

০৮। আবেদনপত্র অনুমোদন হওয়ার পর অনুমোদিত পুকুরের ইজারা গ্রহীতাদের অনুকূলে আলাদাভাবে পত্র জারি করা হবে ও অনুমোদিত সমিতির তালিকা এ অফিসের নোটিশ বোর্ডে টাংগানো হবে । ১ম+২য়+৩য় বছরের ইজারা মূল্যের অর্থ সরকারের জলমহাল ও পুকুর ইজারায় জমার খাত ১/৪৬৩১/০০০০/১২৬১নং কোর্ডে একযোগে এবং মোট ইজারা মূল্যের উপর ১০% আয়কর ১/১১৪১/০০৬০/০১১১ নম্বর এবং ১৫% ভ্যাট ১/১১৩৩/০০২০/০৩১১ নম্বর কোর্ডে জমা দিয়ে চালানোর মূল কপি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দিতে হবে। উক্ত পত্রে ও নোটিশের নির্ধারিত সময়ের মধ্যে ভ্যাট,আয়কর সহ ইজারা মূল্য পরিশোধ ব্যর্থ হলে জামানত বাজেয়াপ্ত ইজারা বাতিল করে পুনঃ ইজারা প্রদান করা হবে।

০৯। ইজারা গ্রহীতা জলমহালের আয়তন হ্রাস/বৃদ্ধি করতে পারবেন না । ইজারা গ্রহীতা জলাশয়ের পার্শ্বে বা ভিতর কোন অবকাঠামো নির্মাণ করতে পারবেন না । জলাশয়ের পাড়ে কোন বৃক্ষ থাকলে তা কর্তন করতে পারবেন না । ইজারা গ্রহীতা জলাশয়ের সীমারেখা বজায় রাখবেন।

কেউ যাতে অবৈধ অনুপ্রবেশ বা বে-দখল করতে না পারে তা ইজারা গ্রহীতা নিশ্চিত করবেন। তিনি নিজ দায়িত্বে ইজারাকৃত জলাশয়ের সরকারি সম্পত্তি সংরক্ষণ করবেন।

১০। মৎস্য সংক্রান্ত আইন ইজারা গ্রহীতাকে মেনে চলতে হবে।

১১। ইজারা গ্রহীতা কোন জলাশয় সাব- লিজ অথবা অন্য কোন ব্যক্তি/গোষ্ঠীকে হস্তান্তর করতে পারবে না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবে না। যদি উক্তরুপ কার্যকলাপ পরিলক্ষিত বা প্রমাণিত হয়, তবে ইজারা বাতিল করে করা হবে এবং জমাকৃত ইজারামূল্য সরকারের অনুকূলে বাজেয়াপ্তপূর্বক জলাশয় পুনঃইজারা প্রদান করা হবে। এ ক্ষেত্রে ঐ ইজারা গ্রহীতা/সমিতি পরবর্তী বছর জলমহাল বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবে না ।

১২। ইজারা গ্রহীতাকে সময়ে সময়ে জারীকৃত সরকারি আদেশ-নির্দেশ মেনে চলতে হবে । ইজারা প্রদানকৃত জলাশয়ের সরকারিভাবে কোন উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হলে ,সেক্ষেত্রে ইজারা গ্রহীতাকে ইজারা কর্তৃপক্ষের সিদ্ধান্ত মেনে চলতে হবে।

১৩। ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ জনস্বার্থে ৩০(ত্রিশ) দিনের নোটিশ প্রদান করার ক্ষমতা সংরক্ষণ করে।

১৪। ইজারা গ্রহীতা উর্ধ্বতন সরকারি কর্মকর্তা, জলমহাল ব্যবস্থাপনা কমিটির সদস্য ও ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাকে যে কোন সময়ে জলমহাল পরিদর্শনের সুযোগ দিতে ও পরিদর্শন কাজে সহায়তা করতে বাধ্য থাকবেন।

১৫। যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল বা অন্যকোন রুপ সিদ্ধান্ত গ্রহণ করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১৬। কোন ক্রমেই কোন সমিতিতে দুইটির অধিক জলাশয়/ ইজারা বন্দোবস্ত দেয়া হবে না। যে সকল সমিতি ইতিমধ্যে দুইটি করে জলমহাল ইজারা পেয়েছে, তাদের আবেদন করার প্রয়োজন নেই। কোন সমিতি দুইটির বেশি জলমহাল ইজারা গ্রহণ করে থাকলে, প্রমাণ স্বাপেক্ষে ইজারা বাতিল করা হবে এবং এজন্য কোন ক্ষতিপূরণ করা হবে না।

১৭। পুকুর ইজারা গ্রহণ করার ক্ষেত্রে পুকুরের বাস্তব অবস্থা জেনে শুনে দেখে ইজারায় অংশগ্রহণ করতে হবে। অন্যথায় পরবর্তীতে কোনরুপ আপত্তি গ্রহণ করা হবে না।

১৮। ইজারা মূল্য জমা দিতে ব্যর্থ সমিতিগুলো আগামী ০৩ বছরের মধ্যে কোন জলমহাল/ পুকুর ইজারা গ্রহণের আবেদন দাখিল করতে পারবে না।

১৯। প্রথম বছর ইজারা মূল্য পরিশোধের সাথে সাথে ইজারা গ্রহীতাকে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে নিজ দায়িত্বে চুক্তিনামা সম্পাদন করতে হবে এবং নিজ দায়িত্বে কর্তৃপক্ষের মাধ্যমে দখল গ্রহণ করতে হবে। অন্যথায় যথাসময়ে মহালের দখল না পাওয়ার অজুহাতে পরবর্তীতে কোন আপত্তি গ্রহণ করা হবে না।

২০। যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিলের বিষয়ে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

উল্লেখ্য যে কোন শর্তাবলী সংযোজন/ বিয়োজন/ বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

**১৪৩০ বাংলা হতে ১৪৩২ বাংলা সন পর্যন্ত ইজারাযোগ্য সরকারি জলমহালের সম্ভাব্য বার্ষিক ইজারা মূল্যসহ তালিকা নিম্নরুপ**

| ক্রমিক | ইউনিয়নের নাম | ইউঃ ভূমি অফিসের নাম | জলমহালের নাম | মৌজার নাম | দাগ নম্বর | পরিমাণ (একর) | বিগত ৩ বৎসরের গড় ইজারা মূল্য | গড় মূল্যের ৫% বর্ধিত মূল্য | সম্ভাব্য সরকারি মূল্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | বাকই দঃ | নুরপুর | উত্তর গাজীপুকুর | উত্তর গাজীপুর | ১৫৫ | ১.৪২ | ৪৮৩৪/- | ২৪২/- | ৫০৭৬/- |
| ০২ | বাকই দঃ | নুরপুর | বিজরা খাস পুকুর | বিজরা | ১৩৩৫ | ০.৫৬ | ৩৩৩৪/- | ১৬৭/- | ৩৫০১/- |
| ০৩ | আড্ডা | আড্ডা | কালিয়াচৌ খাস পুকুর - ১ | কালিয়াচৌ | ৩০৫ | ০.৪১ | ২৫০০/- | ১২৫/- | ২৬২৫/- |
| ০৪ | আড্ডা | আড্ডা | কালিয়াচৌ খাস পুকুর - ২ | কালিয়াচৌ | ৩১৬ | ০.৮৫ | ৪৫৬৭/- | ২২৯/- | ৪৭৯৬/- |
| ০৫ | আড্ডা | আড্ডা | ছিলইন খাস পুকুর | ছিলইন | ২৯৭ | ০.৬৮ | ৫৫০০/- | ২৭৫/- | ৫৭৭৫/- |
| ০৬ | উত্তরদা | উত্তরদা | বড় রাজাপুর খাস পুকুর -১ | বড় রাজাপুর | ৪৯৪ | ১.৩৯ | ১২৮৩৪/- | ৬৪২/- | ১৩৪৭৬/- |
| ০৭ | উত্তরদা | উত্তরদা | বড় রাজাপুর খাস পুকুর -২ | বড় রাজাপুর | ৪৬৫ | ১২৯ | ১৫৮৩৪/- | ৭৯২/- | ১৬৬২৬/- |
| ০৮ | উত্তরদা | উত্তরদা | পশ্চিম রামেরবাগ | পশ্চিম রামেরবাগ | ৩০৪ | ০.৯৩ | ৪০৬৭/- | ২৪৪/- | ৪২৭১/- |
| ০৯ | মুদাফফরগঞ্জ দঃ | মুদাফফরগঞ্জ | শ্রীঅঙ্গ | শ্রীয়াং | ৭৯৬১ | ৯.২৩ | ১০১৮৩৪/- | ৫০৯২/- | ১০৬৯২৬/- |
| ১০ | মুদাফফরগঞ্জ দঃ | মুদাফফরগঞ্জ | পশ্চিম জগৎপুর | পশ্চিম জগৎপুর | ৫০৫ | ১.২২ | ৫৬৬৭/- | ২৮৪/- | ৫৯৫১/- |
| ১১ | মুদাফফরগঞ্জ দঃ | মুদাফফরগঞ্জ | শ্রীয়াং | শ্রীয়াং | ৯০ | ১০৬ | ৭৬৬৭/- | ৩৮৪/- | ৮০৫১/- |
| ১২ | গৌবিন্দপুর | গৌবিন্দপুর | বড় ইছাপুর-১ | বড় ইছাপুর | ৯১৪ | ০.৬০ | ১১৩৩৪/- | ৫৬৭/- | ১১৯০১/- |
| ১৩ | গৌবিন্দপুর | গৌবিন্দপুর | বড় ইছাপুর- ২ | বড় ইছাপুর | ৬৭৮ | ২.১৮ | ৪০৩৩৪/- | ২১৬৭/- | ৪৫৫০১/- |

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১৪ | আজগরা | আজগরা | মধ্য বাতাবাড়িয়া | মধ্য বাতাবাড়িয়া | ২০৪ | ০.৫৪ | ২১৩৪/- | ১০৭/- | ২২৪১/- |
| ১৫ | বাকই দঃ | নুরপুর | খৈয়াখালী খাস পুকুর | খৈয়াখালী | ৪৫ | ১.০৮ | ৩৪৫০০/- | ১৭২৫/- | ৩৬২২৫/- |
| ১৬ | বাকই উঃ | নুরপুর | কাপাশতলা-১ | কাপাশতলা | ১৪০৪ | ৩.৮৩ | ৯০০০/- | ৪৫০/- | ৯৪৫০/- |
| ১৭ | বাকই দঃ | নুরপুর | কাপাশতলা-২ | কাপাশতলা | ১০১৬ | ০.৫৮ | ৭০০০/- | ৩৫০/- | ৭৩৫০/- |

22/02/23

(মাহফুজা মতিন)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
লাকসাম, কুমিল্লা

স্মারক নং ৩১.২০.১৯৭২.০০১.৯৯.০০১.২২- ৬২/১(৭)    তারিখ: ২২/০২/২০২৩খ্রি:

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

০১। জেলাপ্রশাসক, কুমিল্লা।
০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।
০৩। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লা।
০৪। উপজেলা ......................................কর্মকর্তা, লাকসাম, কুমিল্লা।
০৫। চেয়ারম্যান,......................................(সকল) ইউনিয়ন পরিষদ, লাকসাম, কুমিল্লা।(বহুল প্রচারের জন্য অনুরোধসহ)
০৬। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,..............................(সকল) ইউনিয়ন ভূমি অফিস (সকল), লাকসাম, কুমিল্লা।(বহুল প্রচারের জন্য বলা হল)
০৭। জনাব,..............................................................,সদস্য, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, লাকসাম, কুমিল্লা।
০৮। নোটিশ বোর্ড।
০৯। অফিস কপি।

২২.০২.২৩

(ফারহানুর রহমান)
সহকারী কমিশনার(ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
লাকসাম, কুমিল্লা